



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

নং- পসব্য/প্রকা/প্রশা-২৩/২০১৬-১৭/৩৩১

তারিখঃ ০৪/১২/২০১৬ খ্রি.


অফিস আদেশ

পল্লী সঞ্চয় ব্যাংকে ৩০.০৬.২০১৬ তারিখের পর পরই সাময়িকভাবে পদায়নকৃত একটি বাড়ি একটি খামার প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি বাড়ি একটি খামার প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করে প্রকল্পের ৩য় সংশোধনী প্রস্তাব সম্প্রতি একনেক সভায় পাশ করা হয়েছে এবং সে প্রয়োজনে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ সংশোধনকল্পে পল্লী সঞ্চয় ব্যাংক (সংশোধন) অধ্যাদেশ, ২০১৬ গত ২১.১১.২০১৬ তারিখে জারী করা হয়েছে। উক্ত অধ্যাদেশ অনুযায়ী ৩০.০৬.২০১৬ তারিখে প্রকল্প বিলুপ্তির তারিখ পরিবর্তন করে বিলুপ্তির তারিখ নির্ধারণের দায়িত্ব সরকার তথা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপর ন্যস্ত করা হয়েছে এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পকে ব্যাংকের একটি চলমান কর্মসূচি হিসেবে গণ্য করার নির্দেশনা দেয়া হয়েছে। একই সাথে একটি বাড়ি একটি খামার প্রকল্প সংশ্লিষ্ট সকল সমিতিতে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক বিধিবদ্ধ সমিতি হিসেবে নিবন্ধনসহ পরিচালনার যাবতীয় দায়িত্ব প্রদান করা হয়েছে।

০২। ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে সাময়িকভাবে পদায়নকৃত জনবলকে স্থায়ীভাবে পল্লী সঞ্চয় ব্যাংকে নিযুক্তিকরণের জন্য মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। স্থায়ীকরণের কার্যক্রম বিধি মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য বিগত ২৯.১১.২০১৬ তারিখে অনুষ্ঠিত পল্লী সঞ্চয় ব্যাংকের ১৮শ বোর্ড সভায় পেশ করা হয়। উপরোক্ত অধ্যাদেশে একটি বাড়ি একটি খামার প্রকল্পের জনবল পল্লী সঞ্চয় ব্যাংকে স্থায়ীভাবে নিযুক্তিকরণের বিষয়ে কোন নির্দেশনা না থাকায় এবং একটি বাড়ি একটি খামার প্রকল্প কর্তৃক বিগত ২৪.১১.২০১৬ তারিখের ১৯১৬ ও ১৯১৭ নং অফিস আদেশের মাধ্যমে ব্যাংক কর্তৃক ০১.০৭.২০১৬ তারিখ হতে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীদেরকে তাঁদের পূর্ব কর্মস্থলে প্রত্যাবর্তনের নির্দেশনা এবং অব্যাহতিদের চাকুরিতে পুনঃবহালের আদেশ দেয়ায় পরিবর্তিত পরিস্থিতির কারণে পরিচালনা বোর্ড কর্তৃক অবিলম্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে এ বিষয়টি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং বিষয়টি যথাশীঘ্র নিষ্পত্তি করার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

০৩। একটি বাড়ি একটি খামার প্রকল্পের ৩য় সংশোধনী তথা প্রকল্পের মেয়াদ বর্ধিকরণের জন্য অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী পল্লী সঞ্চয় ব্যাংক এবং একটি বাড়ি একটি খামার প্রকল্প একই সাথে পরিচালনার সদয় নির্দেশনা প্রদান করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত নির্দেশনা এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমিতি নিবন্ধনসহ যাবতীয় ব্যাংকিং কার্যক্রম পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক পরিচালনার প্রয়োজনে পূর্বের সিদ্ধান্ত মোতাবেক সাময়িকভাবে পদায়নকৃত উক্ত জনবল পল্লী সঞ্চয় ব্যাংকে স্থায়ীভাবে স্থানান্তরের অন্তবর্তীকালীন সময়ে ব্যাংক ও প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনায় গতি যাতে কোনক্রমে হ্রাস না পায় সে বিষয়ে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যক্রম হবে।

  
(মোঃ মুজিব উদ্দীন)  
উপব্যবস্থাপনা পরিচালক  
পল্লী সঞ্চয় ব্যাংক  
ফোনঃ ৯৩৫০৭৫২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, -----জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৬। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ৭। শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে), পল্লী সঞ্চয় ব্যাংক, ----- শাখা
- ৮। নথি।